

স্মারক নং-০৫.৪৩.৭৬৫৫.০০০.৩৪.০০৮.১৭- ৪৬৪

তারিখঃ ০৫/০৩/২০১৭ খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরির শর্তাবলী সম্পর্কিত বিধিমালা, ২০১৫ অনুযায়ী পাবনা সদর উপজেলাধীন নিম্নে বর্ণিত ০৮ (আট) টি ইউনিয়ন পরিষদের পার্শ্বে উল্লিখিত ওয়ার্ডের মহল্লাদারের শূন্য পদে লোক নিয়োগের জন্য পাবনা সদর উপজেলাধী স্ব-স্ব ইউনিয়নের স্থায়ী নাগরিকদের/বাসিন্দাদের নিকট হতে নিম্ন বর্ণিত শর্তে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	ইউনিয়নের নাম	শূন্য পদের বিবরণ	শূন্য পদের সংখ্যা	যে ওয়ার্ডে শূন্য তার ওয়ার্ড নম্বর	বেতন	শিক্ষাগত যোগ্যতা
০১	মালধি	মহল্লাদার	০১ (এক) টি	০৯ নং ওয়ার্ড	ইউনিয়ন পরিষদ কর্তৃক ৫০% এবং সরকার কর্তৃক ৫০% বেতন ও বিধি মোতাবেক ভাতাদি পরিশোধ করা হবে।	কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণি উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
০২	গয়েশপুর	মহল্লাদার	০১ (এক) টি	০৯ নং ওয়ার্ড		
০৩	আতাইকুলা	মহল্লাদার	০১ (এক) টি	০৫ নং ওয়ার্ড		
০৪	সাদুল্লাপুর	মহল্লাদার	০১ (এক) টি	০৯ নং ওয়ার্ড		
০৫	ভাঁড়ারা	মহল্লাদার	০২ (দুই) টি	০৮ ও ০৯ নং ওয়ার্ড		
০৬	দোগাছি	মহল্লাদার	০১ (এক) টি	০৭ নং ওয়ার্ড		
০৭	হেমায়েতপুর	মহল্লাদার	০৪ (চার) টি	০৩, ০৫, ০৭ ও ০৮ নং ওয়ার্ড		
০৮	দাপুনিয়া	মহল্লাদার	০২ (দুই) টি	০২ ও ০৪ নং ওয়ার্ড		
		মোট	১৩ (তের) টি			

শর্তাবলী

- প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক এবং পাবনা সদর উপজেলাধীন স্ব-স্ব ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে। ইউনিয়নের ওয়ার্ডের বাসিন্দাদের অগ্রাধিকার দেয়া হবে।
- আবেদনকারী/আবেদনকারিনী কোন বিদেশীকে বিবাহ করলে বা বিবাহের প্রতিশ্রুতিবদ্ধ হলে তার আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- উপজেলা নির্বাহী অফিসার, পাবনা সদর, পাবনা বরাবর স্বহস্তে লিখিত আবেদনপত্রে স্পষ্টাক্ষরে ১. নাম ২. পিতা/স্বামীর নাম ৩. মাতার নাম ৪. স্থায়ী ঠিকানা ৫. বর্তমান ঠিকানা ৬. ইউনিয়নের নাম ৭. ওয়ার্ড নম্বর ৮. জন্ম তারিখ ৯. বয়স (৩০/০৩/১৭ খ্রিঃ তারিখে) ১০. জাতীয়তা ১১. ধর্ম ১২. বিশেষ কোটা (সাধারণ/মুক্তিযোদ্ধা/পোষ্য/এতিম/উপজাতি/আনসার ভিডিপি কোটা যে কোন একটি লিখতে হবে) ১৩. অভিজ্ঞতা (যদি থাকে) ১৪. শিক্ষাগত যোগ্যতা ১৫. উচ্চতা ১৬. বুকের মাপ ১৭. ওজন ১৮. ফোন নম্বর উল্লেখপূর্বক দাখিল করতে হবে।
- আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।
 - প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ছবি।
 - সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
 - প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক (নাম, পদবী ও সীল সম্বলিত) প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
 - প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক (নাম, পদবী ও সীল সম্বলিত) সত্যায়িত শিক্ষাগত যোগ্যতার সনদপত্র।
 - উপজেলা নির্বাহী অফিসার, পাবনা সদর, পাবনা'র অনুকূলে তফশীলি ব্যাংক হতে অফেরযোগ্য ১০০/= (একশত) টাকার পে-অর্ডার।
 - বিশেষ কোটা হলে এ সম্পর্কিত উপযুক্ত কর্তৃপক্ষের প্রদত্ত সনদের সত্যায়িত কপি।
 - অভিজ্ঞতা (যদি থাকে) সনদের সত্যায়িত কপি।
 - জাতীয় পরিচয়পত্র ও জন্ম নিবন্ধন সনদপত্র।
- আবেদন আগামী ৩০/০৩/২০১৭ খ্রিঃ তারিখে বিকাল ৫.০০ টার মধ্যে ডাকযোগে অথবা সরাসরি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পাবনা সদর পাবনায় পৌছাতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত আবেদনপত্র সমূহ বাতিল বলে গণ্য হবে। সত্যায়নের ক্ষেত্রে সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম ও পদবীসহ সীল থাকতে হবে।
- চাকুরীর প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে। কোন অগ্রীম কপি গ্রহণযোগ্য হবে না।
- সরকার কর্তৃক ঘোষিত সর্বশেষ নীতিমালা অনুযায়ী কোটা সংরক্ষণ করা হবে।
- প্রার্থীর বয়স (৩০/০৩/২০১৭ খ্রিঃ তারিখে) ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/নাতী-নাতনী হিসেবে চাকুরী প্রার্থীকে আবেদনের সাথে উপযুক্ত কর্তৃপক্ষের প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে। এ বিষয়ে মন্ত্রণালয়ের সর্বশেষ সিদ্ধান্ত অনুসরণ করা হবে।
- প্রার্থী মুক্তিযোদ্ধার সন্তানের সন্তান হলে পিতামহের/মাতামহের মুক্তিযোদ্ধা সনদপত্রের ছায়ালিপি এবং তার সাথে সম্পর্কের প্রমাণপত্র সংযুক্ত করতে হবে।
- এতিমখানার নিবাসী প্রার্থীদের ক্ষেত্রে উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর/উপজেলা সমাজসেবা কর্মকর্তা কর্তৃক প্রদত্ত সনদপত্র সংযুক্ত করতে হবে।
- পোষ্য প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সনদপত্র সংযুক্ত করতে হবে।
- আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্যদেরকে আবেদনের সাথে জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি কর্মকর্তা কর্তৃক প্রদত্ত সনদ সংযুক্ত করতে হবে।